



ঈদের আগেই চালু হচ্ছে বিএনপির 'ফ্যামিলি কার্ড' কর্মসূচি: সমাজকল্যাণমন্ত্রী



সমাজকল্যাণমন্ত্রী ডা. জাহিদ

নির্বাচনের আগে বহুল আলোচিত 'ফ্যামিলি কার্ড' উদ্যোগ বাস্তবায়নের পথে এগোচ্ছে বিএনপি। সরকার গঠনের পরই প্রকল্পটি চালুর প্রস্তুতি শুরু হয়েছে, আর লক্ষ্য—ঈদের আগেই কার্যক্রম শুরু করা।

বৃহস্পতিবার (১৯ ফেব্রুয়ারি) সচিবালয়ে আন্তঃমন্ত্রণালয় বৈঠকে প্রকল্পের কাঠামো ও রোডম্যাপ নিয়ে আলোচনা হয়। বৈঠক শেষে সমাজকল্যাণমন্ত্রী এ জেড এম জাহিদ হোসেন জানান, দলীয় ঘোষণার ধারাবাহিকতায় এই উদ্যোগ বাস্তবায়ন করা হচ্ছে। প্রধানমন্ত্রী তারেক রহমান আড়াই বছর আগে থেকেই বিষয়টি তুলে ধরেছিলেন। এখন সেটি কার্যকর করার প্রক্রিয়া শুরু হয়েছে।

তিনি বলেন, কার্ডধারী নারীদের ব্যাংক হিসাবে প্রতি মাসে নির্দিষ্ট অঙ্কের অর্থ দেওয়া হবে। তবে ঠিক কতজন উপকারভোগী পাবেন এবং অর্থের পরিমাণ কত হবে—তা এখনও চূড়ান্ত হয়নি। বিদ্যমান সামাজিক সুরক্ষা কর্মসূচির তুলনায় সহায়তার পরিমাণ বেশি হবে বলেও জানান তিনি।

মন্ত্রী আরও বলেন, বড় পরিবর্তন সময়সাপেক্ষ। ধাপে ধাপে অগ্রসর হয়ে তিন থেকে ছয় মাসের মধ্যে দেশের উল্লেখযোগ্য সংখ্যক নারীকে এই কর্মসূচির আওতায় আনার পরিকল্পনা রয়েছে।